গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-১).১১ তারিখ: ০৫/০১/২০২৩খ্রি.

বিষয়: জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শ্রেণি-কার্যক্রম পরিচালনার জন্য (এক শিফট ও দুই শিফট বিদ্যালয়সমূহে) নতুন ক্লাস রুটিন প্রেরণ।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর স্মারক নং-৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.২০২০/০৩, তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিত ২০২৩ সালের ১লা জানুয়ারি থেকে নতুন শিক্ষাক্রমের আলোকে রচিত ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিখন সামগ্রী অনুসারে শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে। এই শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এক শিফট ও দুই শিফট বিদ্যালয়সমূহের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনাসহ প্রণীত ক্লাস-রুটিন অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
স্কুল অ্যান্ড কলেজ, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৬.৫৬.০০১.১৬(অংশ-১).১১ তারিখ: ০৫/০১/২০২৩খ্রি.

সদয় অবগতি ও (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতা ক্রমানুসারে নয়);

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৩। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)
০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)
০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৬। সংরক্ষণ নথি।

(দূর্গা রানী সিকদার)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

সময় নির্ধারিত

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

পাঠ্যপুস্তক ভবন

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd

স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.২০২০/ ০৬ তারিখ: ১৭ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য এক শিফট ও দুই শিফট বিদ্যালয়সমূহে নতুন ক্লাস রুটিন প্রেরণ প্রসঙ্গে।**

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং.............. তারিখ ..............
উপপরিচালক (মাধ্যঃ/বিঃ)
সহঃ পরিচালক (১/২/কলেজ-৪)
............... তারিখের মধ্যে নথিতে
দিন/আলাপ করুন।

২০২৩ সালের ১লা জানুয়ারি থেকে নতুন শিক্ষাক্রমের আলোকে রচিত ষষ্ঠ ও সপ্তম শ্রেণির শিখন সামগ্রী অনুসারে শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে। এই শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনাসহ এক শিফট ও দুই শিফট বিদ্যালয়সমূহে নতুন ক্লাস রুটিন প্রণয়ন করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম-২০২২ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত ক্লাস রুটিন ও প্রয়োজনীয় নির্দেশনা যেন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুসরণ করা হয়, তা নিশ্চিত করা অতীব জরুরি।

জাতীয় শিক্ষাক্রম-২০২২ ও সারাদেশের বিদ্যালয়সমূহের বাস্তবতা পর্যালোচনা করে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ ষষ্ঠ ও সপ্তম শ্রেণির জন্য ক্লাস রুটিন প্রণয়ন করেছে। উক্ত ক্লাস রুটিন সারাদেশে সকল এক শিফট ও দুই শিফট মাধ্যমিক বিদ্যালয়সমূহে অনুসরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

(প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম)
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ফোনঃ ২২৩৩-৮৫৪৩২

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## জাতীয় শিক্ষাক্রম ২০২২ অনুযায়ী

## মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ ও সপ্তম শ্রেণির ক্লাস রুটিন

| বার | শ্রেণি | সমাবেশ/ অ্যাসেম্বলি | ১ম পিরিয়ড | ২য় পিরিয়ড | ৩য় পিরিয়ড | ৪র্থ পিরিয়ড | বিরতি | ৫ম পিরিয়ড | ৬ষ্ঠ পিরিয়ড | ৭ম পিরিয়ড |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| রবিবার | ৬ষ্ঠ | | বাংলা | বিজ্ঞান | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | স্বাস্থ্য সুরক্ষা | গণিত | ডিজিটাল প্রযুক্তি |
| | ৭ম | | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | বাংলা | গণিত | | বিজ্ঞান | | ধর্মশিক্ষা |
| সোমবার | ৬ষ্ঠ | | বাংলা | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | | ধর্মশিক্ষা | ইংরেজি | স্বাস্থ্য সুরক্ষা |
| | ৭ম | | স্বাস্থ্য সুরক্ষা | গণিত | ইংরেজি | ধর্মশিক্ষা | | বাংলা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | জীবন ও জীবিকা |
| মঙ্গলবার | ৬ষ্ঠ | | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | বাংলা | গণিত | | বিজ্ঞান | | ধর্মশিক্ষা |
| | ৭ম | | গণিত | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | ইংরেজি | | শিল্প ও সংস্কৃতি | বাংলা | বিজ্ঞান |
| বুধবার | ৬ষ্ঠ | | স্বাস্থ্য সুরক্ষা | গণিত | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ধর্মশিক্ষা | | বাংলা | ইংরেজি | জীবন ও জীবিকা |
| | ৭ম | | বাংলা | বিজ্ঞান | | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | | স্বাস্থ্য সুরক্ষা | গণিত | ডিজিটাল প্রযুক্তি |
| বৃহস্পতিবার | ৬ষ্ঠ | | গণিত | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | ডিজিটাল প্রযুক্তি | ইংরেজি | | শিল্প ও সংস্কৃতি | বাংলা | |
| | ৭ম | | বাংলা | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | | ধর্মশিক্ষা | ইংরেজি | স্বাস্থ্য সুরক্ষা |

- এই রুটিন শুধু শীতকালে ব্যবহারের জন্য। গ্রীষ্মকালে ব্যবহারের জন্য আলাদা রুটিন পরে জানানো হবে।
- রোল কলের কারণে প্রথম পিরিয়ড হবে ৫০ মিনিটের এবং বাকি পিরিয়ডগুলো হবে ৩৫ মিনিটের।
- এক শিফট চালু রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে ৪র্থ পিরিয়ডের পর ২০ মিনিটের বিরতি দেওয়া যাবে। দুই শিফট চালু রয়েছে এমন শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম শিফট এর ক্ষেত্রে ৪র্থ পিরিয়ডের পর ২০ মিনিটের বিরতি এবং দ্বিতীয় শিফট এর ক্ষেত্রে তৃতীয় পিরিয়ডের পর ২০ মিনিটের বিরতি দেয়া যেতে পারে।
- বিজ্ঞানের শিক্ষক সহায়িকা অনুযায়ী শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য কোনো কোনো ক্ষেত্রে পরপর ২টি পিরিয়ডের সমন্বয়ে ১টি ক্লাস নির্ধারণ করা হয়েছে।
- ৬ষ্ঠ শ্রেণিতে বৃহস্পতিবার ৭ম পিরিয়ড শিক্ষা প্রতিষ্ঠান তার প্রয়োজন অনুযায়ী ব্যবহার করতে পারবে।
- রুটিন অনুযায়ী কোনো বিষয়েরই ক্লাস সংখ্যা বা ক্লাসের ক্রম পরিবর্তন করা যাবে না।
- প্রতিদিন সমাবেশে/অ্যাসেম্বলিতে সকল শিক্ষক ও শিক্ষার্থীর জন্য জাতীয় পতাকাকে সম্মান জানানো ও জাতীয় সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক। এছাড়াও একেক দিন একেক ক্লাসের জন্য দেশাত্মবোধক গান, নিজেদের রচিত গান, নাটক, কবিতাসহ বিভিন্ন সৃজনশীল পরিবেশনা ও উদ্দীপনমূলক বক্তব্য থাকতে পারে।
- জাতীয় দিবসসমূহ উদযাপন (২১শে ফেব্রুয়ারি, ১৭ই মার্চ, ২৬ শে মার্চ, ১লা বৈশাখ, ১লা মে, ১৫ই আগস্ট, ১৬ই ডিসেম্বর) শিখনকালীন কার্যক্রম হিসেবে ধরা হয়েছে। জাতীয় দিবসে ক্লাস রুটিন অনুসরণ না করে, দিবস পালনে বিভিন্ন বিষয় সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালিত হবে।
- প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণই শুধু ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির ক্লাস পরিচালনার দায়িত্বপ্রাপ্ত হবেন। একটি শ্রেণিতে একটি বিষয়ে একজন শিক্ষককেই দায়িত্ব দেওয়া যাবে। একই ক্লাসের একই বিষয়ে একাধিক শিক্ষককে দায়িত্ব দেওয়া যাবে না।